গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা

shed.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০০.০০০০.০০০.০৬১.৯৯.০১০৬.১৭.৫৫২

তারিখ: ৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: শ্রী শ্রী দূর্গা পূজা, বিজয়া দশমী, ফাতেহা-ই-ইয়াজদাহম, প্রবারণা পূর্ণিমা ও শ্রী শ্রী লক্ষ্মী পূজা উৎসবমুখর পরিবেশে উদযাপনের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পরীক্ষা গ্রহণ না করা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি কলেজ-৪ শাখার ০৫-০১-২০২৫ তারিখের ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০০১.১৯.২৫ সংখ্যক এবং সরকারি মাধ্যমিক-১ শাখার ২৩.১২.২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-৫২৩ সংখ্যক স্মারকে শিক্ষা প্রতিষ্ঠানের ২০২৫ সালের (১৪৩১-১৪৩২ বঙ্গাব্দ) বাৎসরিক ছুটির তালিকা প্রণয়ন করা হয়। উক্ত তালিকায় শ্রী শ্রী দূর্গা পূজা, বিজয়া দশমী, ফাতেহা-ই-ইয়াজদাহম, প্রবারণা পূর্ণিমা ও শ্রী শ্রী লক্ষ্মী পূজা উপলক্ষ্যে ২৮-০৯-২০২৫ তারিখ হতে ০৯-১০-২০২৫ তারিখ পর্যন্ত ১২ (বারো) দিন অবকাশকালীন ছুটি অনুমোদন করা হয়।

০২। বর্ণিত অবস্থায়, আসন্ন শ্রী শ্রী দূর্গা পূজা, বিজয়া দশমী, ফাতেহা-ই-ইয়াজদাহম, প্রবারণা পূর্ণিমা ও শ্রী শ্রী লক্ষ্মী পূজা উৎসবমুখর পরিবেশে এবং যথাযথ ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের নিমিত্ত আগামী ২৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখ হতে ০৯ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত ১২ (বারো) দিন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কোনরূপ পরীক্ষার দিন ধার্য্য না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-০৯-২০২৫
মো: রাজিবুল আলম
সিনিয়র সহকারী সচিব
৯৫৪৯১৩০
sas_admin1@moedu.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ৩৭.০০.০০০০.০০০.০৬১.৯৯.০১০৬.১৭.৫৫২/১ (৭)

তারিখ: ৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড..............(সকল)।
২। অধ্যক্ষ, ..........................................................(সকল)।
৩। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।।

৪। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়/ধর্ম মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৫। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

২৪-০৯-২০২৫
মো: রাজিবুল আলম
সিনিয়র সহকারী সচিব